JUN. 17 2002

দৈনিক ইনকিলাব

## চট্টগ্রাম আইন কলেজ সংসদ নির্বাচনে শিবির ছাত্রদল ঐক্য প্যানেল

**চট্টগ্রাম ব্যুরো ঃ** চট্টগ্রাম আইন কলেজ ছাত্র সংসদ নির্বাচনে জাতীয়তাবাদী ছাত্রদল ও ইসলামী ছাত্রশিবির সমন্বয়ে গঠিত আইন ছাত্রঐক্য ফোরাম প্যানেল জমা দিয়েছে। ফোরাম, মনোনীত রাশেদ-মনজু-মতিন পরিষদের প্যানেল জমা শেষে গত শুক্রবার ছাত্রদল সভাপতি জসিম উদ্দিন চৌধুরীর সভাপতিত্বে কলেজ ক্যাম্পাসে এক সভা অনুষ্ঠিত হয়। এতে বক্তব্য রাখেন নগর ছাত্রদল নেতা ইয়াছিন চৌধুরী লিটন ও ছাত্রশিবির নেতা মোহাম্মদ ফয়সাল।